



## প্রেস-রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে **Microbicides for the prevention of HIV Infection** শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৮ ডিসেম্বর ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রাণ রাসায়ন ও জীবপ্রযুক্তি বিভাগের আয়োজনে **Microbicides for the prevention of HIV Infection** শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ১৮ ডিসেম্বর ২০২২ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে সেমিনারটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, বাংলাদেশের স্বাস্থ্য খাত উন্নত করার লক্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছেন। যার মধ্যে অন্যতম হচ্ছে কমিউনিটি ক্লিনিক। মাননীয় প্রধানমন্ত্রীর এ উদ্যোগের ফলে দেশে আজ অসংখ্য কমিউনিটি ক্লিনিক গড়ে তোলা হয়েছে। যার সুফল আজ এদেশের সাধারণ মানুষ ভোগ করছে। এর ফলে দেশে গর্ভবতি মা ও শিশু মৃত্যুহার হ্রাস পেয়েছে এবং মানুষের গড় আয়ুর্বৃদ্ধি পেয়েছে। এসময় উপাচার্য মহোদয় এইচ.আই.ভি প্রতিরোধে সকলকে সচেতন হতে আহবান জানান। সেমিনারে মূখ্য আলোচক ছিলেন National emerging Infectious Diseases Laboratory, Baston, Massachusetts, USA এর Research Specialist ড. মোফাজ্জেল হোসাইন। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া এবং জীববিজ্ঞান অনুষদের ডিন ড. সুব্রত কুমার দাস। বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রাণ রাসায়ন ও জীবপ্রযুক্তি বিভাগের চেয়ারম্যান ড. রেহানা পারভীনের সভাপতিত্বে সেমিনারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. খোরশেদ আলমসহ প্রাণ রাসায়ন ও জীবপ্রযুক্তি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মুধা  
প্রশাসনিক কর্মকর্তা  
জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়